আল্লাহ্ তা‘আলা জান্নাতীদেরকে লক্ষ্য করে বলবেন, হে জান্নাতীগণ! তারা বলবে, হে আমাদের রব! হাযির, আমরা আপনার খেদমতে হাযির। এরপর আল্লাহ্ বলবেন, তোমরা কি খুশি হয়েছ? তারা বলবে, কেন খুশি হব না, আপনি আমাদেরকে এমন বস্তু দান করেছেন যা আপনার সৃষ্টি জগতের আর কাউকেই দান করেননি?

আবু সাঈদ আল-খুদরী রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: আল্লাহ্ তা‘আলা জান্নাতীদেরকে লক্ষ্য করে বলবেন, হে জান্নাতীগণ! তারা বলবে, হে আমাদের রব! হাযির, আমরা আপনার খেদমতে হাযির।
এরপর আল্লাহ্ বলবেন, তোমরা কি খুশি হয়েছ? তারা বলবে, কেন খুশি হব না, আপনি আমাদেরকে
এমন বস্তু দান করেছেন যা আপনার সৃষ্টি জগতের আর কাউকেই দান করেননি? তখন তিনি বলবেন,
আমি এর চেয়েও উত্তম বস্তু তোমাদেরকে দান করব। তারা বলবে, হে আমাদের রব! এর চেয়েও
উত্তম সে কোন্ বস্তু? আল্লাহ্ বলবেন, তোমাদের ওপর আমি আমার সন্তুষ্টি অবধারিত
করব। অতঃপর আমি আর কক্ষনো তোমাদের ওপর নাখোশ হব না। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, আল্লাহ তায়ালা জান্নাতবাসীদেরকে জান্নাতে থাকাবস্থায় বলবেন: হে জান্নাতবাসী, ফলে তারা তাকে সাড়া দিয়ে বলবে: হে আমাদের রব হাযির, আমরা আপনার খেদমতে হাযির। তিনি তাদের বলবেনঃ তোমরা কি সন্তুষ্ট? তারা বলবে: হ্যাঁ, আমরা সন্তুষ্ট। আমরা কেন সন্তুষ্ট হব না যখন আপনি আমাদের কে তা দিয়েছেন যা আপনি আপনার সৃষ্টির কাউকে দেননি! অতঃপর মহান আল্লাহ বলবেন: আমি কি তোমাদেরকে এর চেয়ে উত্তম কিছু দেব না? তারা বলবে: হে রব, এর চেয়ে উত্তম আর কি হতে পারে?! অতঃপর তিনি বলবেনঃ আমি তোমাদের উপর আমার স্থায়ী সন্তুষ্টি নাযিল করব। এর পর আর কখনো তোমাদের উপর রাগ করব না।

https://sunnah.global/hadeeth/bn/show/8343